গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র সংখ্যা- ৪৪.০৭.০০০০.০৫৬.০৪.০০১.২৬- ৬৭ তারিখঃ- ২০ আশ্বিন' ১৪৩৩ / ০৫ অক্টোবর'২০২৬

বিষয়ঃ **TOYOTA HIACE গাড়ি ব্যবহার নীতিমালা- ২০২৬ প্রেরণ।**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারা বিভাগে কর্মরত সকল পদবির কর্মকর্তা-কর্মচারীদের সিলেট বিভাগস্থ বিভিন্ন ধর্মীয় ও দর্শনীয় স্থান পরিদর্শনের জন্য গাড়ী ব্যবহার নীতিমালা-২০২৬ প্রণয়ন করা হয়েছে। নীতিমালায় উল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনের নিমিত্ত অনুরোধ করা হলো। মাস শেষে রক্ষণাবেক্ষন সংক্রান্ত গাড়ীর রিটার্ণ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে কারা অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চার) পাতা।

০৫/১০/২০২৬
মেছবাহুল আলম সেলিম
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০৪০০ (দপ্তর)
addl.ig.ops@prison.gov.bd.

১। কারা উপ-মহাপরিদর্শক
সিলেট বিভাগ, সদর দপ্তর, সিলেট।
২। সিনিয়র জেল সুপার
সিলেট কেন্দ্রীয় কারাগার-২
বন্দরবাজার,সিলেট।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩। সিনিয়র জেল সুপার (সকল)/ জেল সুপার (সকল), কেন্দ্রীয় কারাগার/ জেলা কারাগার।
৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিআইইউ/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের জন্য), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ডেপুটি জেলার (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৭। বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/প্রশাসনিক কর্মকর্তা (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। ব্যাক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/কারা উপ মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর,ঢাকা।

কারা বিভাগে কর্মরত সকল পদবির কর্মকর্তা-কর্মচারীদের সিলেট বিভাগস্থ ধর্মীয় ও দর্শনীয় স্থান পরিদর্শনের জন্য TOYOTA HIACE গাড়ি ব্যবহার নীতিমালা- ২০২৬:

কারা বিভাগে কর্মরত সকল পদবির কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণ, পারস্পরিক সৌহার্দ্য ও সম্প্রীতি বৃদ্ধি, মানসিক প্রশান্তি এবং কর্মস্পৃহা বৃদ্ধির লক্ষ্যে সিলেট বিভাগস্থ বিভিন্ন ধর্মীয় ও দর্শনীয় স্থান পরিদর্শনের সুবিধার্থে কারা অধিদপ্তরের পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০৫৬.০৪.০০১.২৬-২৮ তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৬ মোতাবেক ১০ (দশ) সিট বিশিষ্ট একটি **TOYOTA HIACE** গাড়ি ক্রয়/বরাদ্দ করা হয়েছে।

গড়িটির সুষ্ঠু ব্যবহার, স্বচ্ছতা, জবাবদিহিতা, নিরাপত্তা এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন করা হলো।

২। গাড়ির মালিকানা

২.১। TOYOTA HIACE গাড়িটির মালিকানা **বাংলাদেশ জেল/কারা অধিদপ্তর**-এর নিকট ন্যস্ত থাকবে।

২.২। গাড়িটি **সিলেট বিভাগীয় সদর দপ্তর, সিলেট**-এর তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে পরিচালিত হবে।

২.৩। গাড়ির রেজিস্ট্রেশন, কাগজপত্র, ফিটনেস, ট্যাক্স-টোকেন, বীমা/প্রযোজ্য অন্যান্য সরকারি আনুষ্ঠানিকতা ও মেয়াদ শেষে নবায়ন করার দায়িত্বে থাকবেন **সিনিয়র জেল সুপার**, সিলেট কেন্দ্রীয় কারাগার-২, বন্দরবাজার। সকল কাগজপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সম্পন্ন ও সংরক্ষণ করতে হবে।

৩। সুবিধাভোগী

৩.১। কারা বিভাগে কর্মরত **সকল পদমর্যাদার কর্মকর্তা-কর্মচারীগণ** এই নীতিমালার আওতায় গাড়ি ব্যবহারের সুযোগ পাবেন।

৩.২। একই ভ্রমণ দলে প্রয়োজন অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের পরিবারের সদস্যদের অন্তর্ভুক্তির বিষয়টি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিবেচনা করা হবে।

৩.৩। আসনসংখ্যা ও সড়ক পরিবহন সংক্রান্ত বিধি লঙ্ঘন করে অতিরিক্ত যাত্রী পরিবহন করা যাবে না।

৪। গাড়ি ব্যবহারের অনুমোদনকারী কর্তৃপক্ষ

৪.১। সিলেট বিভাগের মধ্যে ব্যবহারের ক্ষেত্রে **কারা উপ মহাপরিদর্শক, সিলেট বিভাগ** অনুমোদন প্রদান করবেন। এক্ষেত্রে নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক অনুমোদন গ্রহণ স্বাপেক্ষে ব্যবহারী গাড়িটি ব্যবহার করতে পারবেন।

৪.২। সিলেট বিভাগের বাহিরে ব্যবহারের ক্ষেত্রে **কারা মহাপরিদর্শক মহোদয়ের** অনুমোদন স্বাপেক্ষে অত্র দপ্তর হতে সিডিউল সংগ্রহ করতে হবে।

৫। গাড়ি ব্যবহারের ভাড়া

৫.১। TOYOTA HIACE গাড়ি ব্যবহারের জন্য ব্যবহারকারী/ব্যক্তি দলকে **প্রতিদিন ৫০০/- (পাঁচশত) টাকা** গাড়ি ভাড়া প্রদান করতে হবে।

৫.২। ভ্রমণের জন্য নিয়োজিত চালককে **প্রতিদিন ২০০/- (দুইশত) টাকা** দৈনিক ভাতা প্রদান করতে হবে।

৫.৩। ভ্রমণকালে গাড়িতে ব্যবহৃত **সকল জ্বালানি ব্যয় ব্যবহারকারী/ভ্রমণকারী দল বহন করবে।**

৫.৪। জ্বালানি ব্যয় গাড়ির নির্ধারিত ভাড়া ৫০০/- টাকার অন্তর্ভুক্ত হবে না।

৫.৫। টোল/পার্কি চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবহারকারী/ভ্রমণকারী দল বহন করবে।

৫.৬। ভ্রমণ একাধিক দিন হলে প্রতিদিনের জন্য নির্ধারিত হারে গাড়ি ভাড়া প্রযোজ্য হবে। উল্লেখ্য ব্যবহারকারী গাড়ী ভাড়া নেওয়ার সময় পূর্ণ ট্যাংক জ্বালানী সমান গাড়ী পাবে এবং ফেরত দেওয়ার সময় পূর্ণ ট্যাংক জ্বালানী সম্পন্ন গাড়ী ফেরত দিবে।

অর্থাৎ, **প্রতিদিন ন্যূনতম নির্ধারিত ব্যয় = ৭০০/- টাকা + জ্বালানি ব্যয় + টোল/পার্কিং চার্জ** (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬। গাড়ি ব্যবহারের ক্ষেত্রে

৬.১। একজন কর্মকর্তা/কর্মচারী বছরে সর্বোচ্চ ০২ (দুই) বার একাধারে ০২ (দুই) দিন পর্যন্ত ব্যবহার করার আবেদন করতে পারবেন। ১ম বার অগ্রাধিকার দেয়া হবে।

৬.২। সিডিউল খালি থাকা স্বাপেক্ষে ০২ (দুই) এর অধিকবার ব্যবহারের অনুমতি প্রদান করা হবে।

৬.৩। সকাল ০৮:০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬:০০ ঘটিকার মধ্যে ভ্রমণ শেষ করতে হবে। এর বেশি সময়ের প্রয়োজন হলে কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে। তবে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সময় বর্ধিত করা যাবে। এ ছাড়া ও ভাড়ার ক্ষেত্রে সকল ০৮.০০ থেকে রাত ১২.০০ পর্যন্ত ১(এক)দিন গননা করা হবে।

৭। গাড়ি ব্যবহারের জন্য আবেদন

৭.১। গাড়ি ব্যবহারের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৭.২। সম্ভাব্য ক্ষেত্রে ভ্রমণের **কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে** আবেদন করতে হবে। সিরিয়াল অনুযায়ী অনুমিত প্রদান করা হবে।

৭.৩। অনুমোদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ৫.১-এ বর্ণিত দৈনিক ভাড়া **৫০০/- এডভান্স** প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে এডভান্স প্রদান না করলে অনুমোদন বাতিল বলে গণ্য হবে।

৭.৪। নির্ধারিত দিনে ভ্রমণ না করলে এডভান্স এর ফেরত প্রদান করা হবে না।

৮। গাড়ি রক্ষাণাবেক্ষণ

৮.১। গাড়িটি মেরামত এবং রক্ষণাবেক্ষণ সিলেট কেন্দ্রীয় কারাগার-২, বন্দরবাজার এর অধীনে থাকবে।

৮.২। মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজন হলে কারা উপমহাপরিদর্শক এর অনুমোদনক্রমে মেরামত ব্যয় সম্পন্ন করতে হবে। তৎপ্রেক্ষিতে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ ও মেরামত শেষে ভাউচারসমূহ সিনিয়র জেল সুপার এবং জেলারের যাচাইয়ান্তে কারা উপমহাপরিদর্শকের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবেন।

৮.৩। তাছাড়া গাড়িটির যাবতীয় মেরামত ও যন্ত্রাংশ পরিবর্তন তথ্য লগ বহিতে লিপিবদ্ধ করতে হবে এবং তা হালনাগাদ যথাযথভাবে না থাকলে তার জন্য জেলার, সিলেট কেন্দ্রীয় কারাগার-২, বন্দরবাজার দায়ী থাকবেন।

৯। ব্যবহারকারীর কারণে ক্ষয়ক্ষতি

৯.১। স্বাভাবিক ব্যবহারজনিত ক্ষয়ক্ষতির ব্যয় ব্যবহারকারীর ওপর বর্তাবে না।

৯.২। তবে কোনো ব্যবহারকারীর ইচ্ছাকৃত কাজ, অসতর্কতা বা অবহেলার কারণে গাড়ির ক্ষতি হলে প্রচলিত বিধি অনুযায়ী দায় নির্ধারণ করা হবে।

৯.৩। প্রয়োজন হলে ক্ষয়ক্ষতির প্রকৃত ব্যয় সংশ্লিষ্ট ব্যক্তি/দলের নিকট হতে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নিষিদ্ধ ব্যবহার

ক) গাড়িটি ব্যক্তিগত ব্যবসায়িক কাজে ব্যবহার করা যাবে না;

খ) গাড়িটি বাণিজ্যিকভাবে ভাড়া দেওয়ার কাজে ব্যবহার করা যাবে না;

গ) গাড়িটি রাজনৈতিক/দলীয় কার্যক্রমে ব্যবহার করা যাবে না;

ঘ) ভ্রমণ ছাড়া গাড়িটি ব্যক্তিগত কাজে ব্যবহার করা যাবে না;

ঙ) নির্ধারিত আসনসংখ্যার বেশি যাত্রী পরিবহন করা যাবে না;

এর ব্যত্যয় হলে হলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ) গাড়িটির মাধ্যমে কোন অবৈধ পণ্য/দ্রব্যাদি পরিবহন করলে ব্যবহারকারীর বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। ভ্রমণ বাতিল

১১.১। কোনো কারণে ভ্রমণ বাতিল হলে আবেদনকারীকে ভ্রমণের জন্য নির্ধারিত তারিখের অন্তত **০৩ (তিন) দিন পূর্বে** সিলেট বিভাগীয় সদর দপ্তরকে জানাতে হবে।

১১.২। সরকারি বা জরুরি প্রয়োজনে কর্তৃপক্ষও অনুমোদিত ভ্রমণ বাতিল করতে পারবেন।

১১.৩। ভ্রমণ বাতিলের ফলে জ্বালানি বা অন্য কোন ব্যয় ইতোমধ্যে হয়ে থাকলে তার সমন্বয়ের বিষয়টি কর্তৃপক্ষ নির্ধারণ করবেন।

১২। বুকিং রেজিস্টার ও আয়-ব্যয়ের হিসাব

১২.১। সিলেট কেন্দ্রীয় কারাগার-২, বন্দরবাজার এক বা একাধিক **"TOYOTA HIACE গাড়ি ব্যবহার ও বুকিং রেজিস্টার"** সংরক্ষণ করবে।

১২.২। সিলেট কেন্দ্রীয় কারাগার-২, বন্দরবাজার মাসিক ভিত্তিতে গাড়ির আয়-ব্যয়ের বিবরণী প্রস্তুত করে কারা উপ-মহাপরিদর্শক, সিলেট বিভাগ, সিলেট-এর নিকট উপস্থাপন করবে এবং প্রতিবেদন কারা মহাপরিদর্শক বরাবর মাসিক ভিত্তিতে প্রেরণ করতে হবে।

১৩। সরকারি/প্রশাসনিক প্রয়োজনে গাড়ির ব্যবহার

১৩.১। বিশেষ সরকারি বা প্রশাসনিক প্রয়োজনে গাড়িটি ব্যবহার করার প্রয়োজন হলে কর্তৃপক্ষের নির্দেশনা অগ্রাধিকার পাবে।

১৩.২। জরুরি প্রশাসনিক প্রয়োজনের কারণে পূর্বনির্ধারিত ভ্রমণ স্থগিত বা বাতিল করা হলে ব্যবহারকারীগণ তা মেনে নিতে বাধ্য থাকবে।

১৩.৩। সরকারি দায়িত্ব ও কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণমূলক ভ্রমণের মধ্যে সংঘাত সৃষ্টি হলে সরকারি দায়িত্ব অগ্রাধিকার পাবে।

১৪। দুর্ঘটনা

১৪.১। দুর্ঘটনা ঘটলে চালক/দলনেতা তাৎক্ষণিকভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করবেন।

১৪.২। প্রয়োজন অনুযায়ী স্থানীয় থানা, ফায়ার সার্ভিস, হাসপাতাল বা অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা নিতে হবে।

১৪.৩। দুর্ঘটনার কারণ ও ক্ষয়ক্ষতি নিরূপণের জন্য প্রয়োজনে তদন্ত কমিটি গঠন করা যেতে পারে।

১৫। শৃঙ্খলা ও অভিযোগ

১৫.১। গাড়ি ব্যবহারে কোনো অনিয়ম, দুর্ব্যবহার, অননুমোদিত ব্যবহার বা আর্থিক অনিয়মের অভিযোগ পাওয়া গেলে কর্তৃপক্ষ তা তদন্ত করতে পারবেন।

১৫.২। অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয় ও প্রচলিত বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। ব্যাখ্যা ও অস্পষ্টতা

এই নীতিমালার কোনো বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে **কারা উপ-মহাপরিদর্শক, সিলেট বিভাগ, সিলেট** প্রয়োজনীয় ব্যাখ্যা ও সিদ্ধান্ত প্রদান করবেন।

৩০/৭/২০২৫

মেছবাহুল আলম সেলিম
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
☎-৫৭৩০০৪০০ (দপ্তর)
addl.ops@prison.gov.bd

TOYOTA HIACE গাড়ি ব্যবহারের নির্ধারিত আবেদন ফরম

বরাবর,

কারা উপ মহাপরিদর্শক
সিলেট বিভাগ, সিলেট।

১। আবেদনকারীর নাম: .....

২। পদবি: .....

৩। কর্মস্থল: .....

৪। মোবাইল নম্বর: .....

৫। ভ্রমণের তারিখ: .....

৬। গন্তব্য: .....

৭। ভ্রমণের উদ্দেশ্য: .....

৮। মোট যাত্রী: .....

৯। যাত্রার সম্ভাব্য সময়: .....

১০। প্রত্যাবর্তনের সম্ভাব্য সময়: .....

১১। চলতি বছর এই গাড়ি কতবার ব্যবহার করেছেন:.....

১২। সর্বশেষ এই গাড়ি ব্যবহারের তারিখ:.....

১৩। দলনেতার নাম: .....

১৪। দলনেতার মোবাইল নম্বর: .....

আমি উপরোক্ত তথ্য সঠিকভাবে প্রদান করেছি এবং গাড়ি ব্যবহারের ক্ষেত্রে প্রযোজ্য নীতিমালা মেনে চলতে বাধ্য থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর: .....
তারিখ: .....

অনুমোদন

গাড়ি ব্যবহারের আবেদনটি:

☐ অনুমোদন করা হলো।
☐ অনুমোদন করা হলো না।

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর: .....
পদবি: .....
তারিখ: .....